যা দেবী সর্বভূতেষু শক্তি রূপেণ সংস্থিতা
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ।।

[যে দেবী সকল জীবে শক্তিরূপে অধিষ্ঠিতা, তাঁকে নমস্কার, নমস্কার ,নমস্কার।]




# চিন্ময়ী - শারদীয় সংখ্যা - ২০১৪

অক্টোবর ২০১৪
আশ্বিন ১৪২১

**BANGLADESH CANADA HINDU CULTURAL SOCIETY**
**BANGLADESH CANADA HINDU MANDIR**
**TORONTO, CANADA**

বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি
বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির



আগমন





গমন




মন্দিরে প্রতিষ্ঠিত দেব-দেবী সম্বলিত বেদী

The Gods & Goddesses established in the Temple



বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দিরের নিজস্ব ভবন

Own Building of Bangladesh Canada Hindu Cultural Society & Bangladesh Canada Hindu Mandir

16 Dohme Avenue
East York, Toronto, ON M4B 1Y9
Tel: (416) 693-4444
e-mail: bchcs.bchm@gmail.com
www.hindumondir.org

**Editor** : **Dilip Halder**

**Editorial Board** : Kirit Bikram Sinha Roy
: Nirmal Kar
: Bijit Roy
: Shubhra Sheully Saha
: Rupan Dashgupta

**Publishers** : Bangladesh Canada Hindu Cultural Society &
Bangladesh Canada Hindu Mandir

**Cover & Graphics** : Systems DTP Inc.

**Printing** : Systems Off-set Printing
202-2986 Danforth Ave, Toronto
Tel: (416) 686-2890 / (647) 966-2854
e-mail:systemsdtp@gmail.com
www.systemsdtp.com





**সম্পাদক :** **দিলীপ হালদার**

**সম্পাদনা পরিষদ :** কিরীট বিক্রম সিংহ রায়
নির্মল কর
বিজিত রায়
শুভ্রা শিউলী সাহা
রূপন দাশগুপ্ত

**পাবলিশার্স :** বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি
ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির

**প্রচ্ছদ ও অলংকরন:** সিস্টেম্স ডি.টি.পি ইনক্

**প্রিন্টিং :** সিস্টেম্স
২৯৮৬ ড্যানফোর্থ এভিনিউ
রুম # ২০২, টরন্টো
ফোন: (৪১৬)৬৮৬-২৮৯০
মোবাইল: (৬৪৭) ৯৬৬ ২৮৫৪
e-mail:systemsdtp@gmail.com
www.systemsdtp.com

October 2014
আশ্বিন ১৪২১



**কৃতজ্ঞতা স্বীকার ঃ**

সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার পেছনে যাঁরা আমাদের আর্থিক, কায়িক, নৈতিক এবং অন্যান্য সমর্থন ও সহযোগিতা করেছেন তাঁদের সকলের প্রতি জানাই অশেষ কৃতজ্ঞতা।

# সূচীপত্র


| | | |
|---|---|---|
| **আনন্দময়ীর আগমনে** | কাজী নজরুল ইসলাম | ১৯ |
| **সত্যের সন্ধানে** | | |
| দৃঢ়তাই ধর্ম | সৌমিত্র বিশ্বাস | ২১ |
| বৈজ্ঞানিক বুদ্ধি | রাজশেখর বসু | ২২ |
| হিন্দুসমাজের গড়ন | নির্মল কুমার বসু | ২৫ |
| **প্রসঙ্গ: সনাতন ধর্ম / মানবতার বিকাশে হিন্দুধর্ম** | | |
| সনাতন ধর্ম | রনজিৎ কর | ২৯ |
| সাহিত্য, মানবতা ও হিন্দুধর্ম | ড: সুজিত দত্ত | ৩২ |
| **গীতা প্রসঙ্গ** | | |
| সানফ্রান্সিস্কোতে প্রদত্ত স্বামী বিবেকানন্দের বক্তৃতা | | ৩৫ |
| **দুর্গাপূজা - উৎপত্তি ও স্বরূপ** | | |
| দুর্গোৎসব-প্রশ্ন | আচার্য যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি | ৪৭ |
| মহারাজা রাবন | দেব কুমার শর্মা | ৫০ |
| **সাধক - মহাপুরুষ** | | |
| সনাতন গোস্বামী | শংকর নাথ রায় | ৫৪ |
| ভক্ত কবীর | শংকর নাথ রায় | ৬৫ |
| শ্রীশ্রীলোকনাথ-জীবনীর অলৌকিকত্ব বা অলৌকিক জীবনী-প্রসঙ্গ | কেদারেশ্বর সেনগুপ্ত | ৭২ |
| পরম ভাগবত বেঙ্কটনাথ | শংকর নাথ রায় | ৮০ |
| শ্রী শ্রী রামঠাকুর | অরুনাংশু হোর | ৮৮ |
| **মহাভারত প্রসঙ্গ** | | |
| Veda Vyasa, the Mahabharata etc. | Subrata Kumar Das | 92 |
| মহাভারত | সুকুমার রায় | ৯৪ |
| **স্মৃতিচারণ** | | |
| বাল্য স্মৃতি | প্রসাদ ব্যানার্জি | ৯৬ |
| ছেলেবেলার দুর্গাপূজো | মৃণাল কান্তি তালুকদার | ৯৭ |
| কানাডায় স্বল্পকালীন অভিজ্ঞতা | ড: দিলীপ চক্রবর্তী | ৯৯ |
| **For Up-coming Generation (আগামী প্রজন্মের জন্যে)**<br>**1st Part: Basic Idea of Hinduism, Hindu Dharma, God & Life** | | |
| Durga Puja : Myth, Lore & Rites | Sumit Roy | 102 |
| Goddess Durga slokas & Mantras with Meaning | Collection | 106 |
| Hinduism: Question-Answer | Collection | 108 |
| An Overview of Hindu Dharma | Dr. Sourendra K. Banerjee | 109 |
| Who is God | Sri Sri Ramakrishna Paramhansadev | 112 |
| Sri Chaitanya Mahaprabhu (Lord Gauranga) | Subhamoy Das | 113 |
| Laws of Life | Swami Vivekananda | 115 |
| প্রশ্ন উত্তরে হিন্দু ধর্ম | ফল্গু দাসগুপ্তা | ১১৬ |
| **For Up-coming Generation (আগামী প্রজন্মের জন্যে)**<br>**Second Part : Kid's Thoughts (ছোটদের পূজা ভাবনা)** | | 120 |
| **ভক্তি - শক্তি - আত্মা - জীবদেহ - শান্তি** | | |
| ভক্তি | সুভাষ পাল | ১৩১ |
| নারী শক্তি | পাপিয়া দাশগুপ্ত | ১৩৪ |
| আত্মা | সুশীল দাশগুপ্ত | ১৩৫ |
| আমি কে? | নিরঞ্জন কুমার মন্ডল | ১৩৬ |
| ওঁ শান্তি | স্বপন সমাদ্দার | ১৩৮ |
| হে মন্দির! তোমার লক্ষ্য কি | শ্যামল ভট্টাচার্য | ১৪০ |
| **স্রষ্টা ও সৃষ্টি** | | |
| স্রষ্টা ও সৃষ্টি এবং হিন্দুধর্ম | (সংগৃহীত) | ১৪২ |
| স্রষ্টা শিল্পী | পূরবী পাল | ১৪৪ |
| খোলসবন্দী | ঋতুশ্রীঘোষ | ১৪৪ |
| বাৎসরিক দিনপঞ্জী | | ১৪৫ |
| **বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির-এর সংক্ষিপ্ত ইতিহাস** | | **১৪৬** |
| **পৃথিবী** | রবীন্দ্রনাথ ঠাকুর | ১৪৭ |


**বি:দ্রঃ** এ সংখ্যায় প্রকাশিত সমস্ত লেখা ও মতামতের জন্য সম্পাদক দায়ী নন।

# শারদীয় দুর্গোৎসব উদ্‌যাপন পরিষদ ২০১৪
# Durga Puja Celebration Committee 2014

## -: Co-ordination committee :-

### Convener: Shebu Chowdary

**Members:**

1. Ajoy Das
2. Ashok Debnath
3. Anil Nath
4. Bijit Roy
5. Sabyasachi Choudhury
6. Rajat Paul
7. Nirmal Kar
8. Shubhash Roy
9. Borendra Sanyal
10. Nabonita Choudhury (Rep. Cultural Sub-Committee)
11. Ajoy Banik (Rep. Puja Sub-Committee)
12. Asit Dutta (Rep. Prasad Sub-Committee)
13. Arun P. paul (Rep. Finance Sub-Committee)
14. Dilip K. Halder (Rep. Publication Sub-Committee)

**Decoration:** 1. Anil Nath 2. Ira Datta 3. Kachi Bhowmik 4. Avijit Paul 5. Rajesh Pramanik

## Sub-Committee
## 2014 - 2016

**Sub-Committee: PUJA MANAGEMENT**
**Secretary: Ajoy Banik**

1. Ira Datta
2. Biva Roy
3. Chapala Nath
4. Shubhona Paul
5. Shukla Nath
6. Aparna Banik
7. Krishna Dey
8. Mita Saha
9. Anita Sarker
10. Sajal Deb
11. Subhash Paul
12. Ramapada Paul Mintu
13. Soumitra Biswas
14. Jhantu Debnath
15. Nirmal Kar

**Sub-Committee: PRASAD MANAGEMENT**
**Secretary : Asit Dutta Pulak**

1. Anil Nath
2. Sajal Deb
3. Rajesh Pramanik
4. Parimal Debnath
5. Himangshu Sarkar Tinku
6. Moyna Das
7. Angshuman Roy Liton
8. Dhritiman Choudhury Badhan
9. Ajoy Banik
10. Satyabrata Purkayestha
11. Bikash Das
12. Liton Ghose
13. Nupur Roy
14. Tapash Roy
15. Apu Das
16. Alok Das
17. Vaskar Das
18. Manik Chakraborty
19. Liton Roy
20. Subrata Chowdhury
21. Binoy Majumder
22. Gukul Biswas

**Sub-Committee: CULTURAL PROGRAM**
**Secretary: Nabonita Choudhury**

1. Shebu Chowdary
2. Himangshu Sarkar(Tinku)
3. Nakul Dey
4. Puja Sarma
5. Ramapada Paul (Mintu)

**Sub-Committee: FINANCE**
**Secretary, Finance: Arun Paul**
**Asst. Secretary: Bishwajit Datta**

1. Achinta Banik
2. Anup Roy
3. Dr. Kanchan Purohit
4. Sujit Das
5. Suranjit Dhar
6. Chayan Das

**Sub-Committee: PUBLICATION**
**Secretary: Dilip Halder**

1. Shubhra Sheuli Saha
2. Kirit Bikram Sinha Roy
3. Nirmal Kar
4. Bijit Roy
5. Rupan Dasgupta

**Sub-Committee: ORGANIZATION**

**Secretary Achinta Banik**

1. Nirmal Kar
2. Arun P. Paul
3. Chayan Das

**Sub Committee: SCHOOL**

**Secretary, Publication: Mihir**

1. Saptarshi Sarma Puja
2. Shubhra Sheully Saha
3. Chayan Das
4. Dipika Ghose

**PUJA MANDAP**
16 Dohme Avenue
East York, Toronto
ON- M4B 1Y9

**PUROHIT**
Sree Prashad Banarjee
Sree Shyamal
Bhattarchajee
Sree Miton Parial

# Existing Executive Committee
# &
# Board of Trustee

| EXECUTIVE COMMITTEE 2014 - 2016 | | | BOARD OF TRUSTEES 2012 - 2016 | | |
|---|---|---|---|---|---|
| | **Designation** | **Name** | | **Designation** | **Name** |
| 1 | President | Shubhash Roy | 1 | Chairman | Deb Kumar Sarma |
| 2 | Vice President | Chanchal Saha | 2 | Secretary | Rajesh Pramanik |
| 3 | General Secretary | Borendra Sanyal | 3 | Member | Shebu Chowdary |
| 4 | Asstt. General Secretary | Himangshu Sarkar Tinku | 4 | Member | Ajoy Das |
| 5 | Finance Secretary | Arun P. Paul | 5 | Member | Anil Nath |
| 6 | Asstt. Finance Secretary | Biswajit Dutta | 6 | Member | Nirmal Kar |
| 7 | Organizing Secretary | Achinta Banik | 7 | Member | Sabyasachi Choudhury |
| 8 | Cultural Secretary | Nabonita Choudhury | 8 | Member | Debobrata Dey Tomal |
| 9 | Asstt. Cultural Secretary | - | 9 | Member | Ramapada Paul Mintu |
| 10 | Publication Secretary | Dilip Halder | 10 | Member | Ashok Debnath |
| 11 | Office Secretary | Mrityunjoy Saha | 11 | Member | Rajat Paul |
| 12 | School Secretary | Dilip Saha | 12 | Member | Shubhash Roy |
| 13 | Property Mgmt. Secretary | Sajal Deb | 13 | Member | Borendra Sanyal |
| 14 | Puja Mgmt. Secretary | Ajoy Banik | 14 | Member | Arun P. Paul |
| 15 | Prasad Mgmt. Secretary | Asit Dutta Pulak | 15 | Member | - |
| 16 | Event Mgmt. Secretary | Nikhilesh Roy | | | |
| 17 | Project Mgmt. Secretary | Anup Roy | | | |
| 18 | Director– Youth Affairs | Saptarshi Sarma | | | |
| 19 | Director | Benoy Bhusan Majumder | | | |
| 20 | Director | Angshuman Roy Liton | | | |
| 21 | Director | Santosh Das | | | |

## List of Past President & General Secretary

| Period / Term | President | General Secretary |
|---|---|---|
| 2012-2014 | Shubhash Roy | Chanchal Saha |
| 2009-2012 | Nirmal Kumar Kar | Shubhash Roy |
| 2007-2009 | Arun Datta | Ramapada Paul Mintu |
| 2005-2007 | Anil Nath | Samir Lal Datta |
| 2004-2005 | Ajoy Das | Debobrata Dey (Tamal) |
| 2003-2004 | Anjan Datta | Debobrata Dey (Tamal) |
| 2002-2003 | Shebu Chowdary | Sudip Shome (Rinku) |
| 2001-2002 | Kirit Bikram Sinha Roy | Sabyasachi Choudhury |
| 2000-2001 | Sudip Dey (Anju) | Bijit Roy |
| 1997-2000 | Alok Choudhury | Kishore Chowdhury |
| 1996-1997 | Swadesh Saha | Bibekananda Talukder |
| 1994-1995 | Sudhangshu Datta (Sudha) | Bibekananda Talukder |

**Bangladesh Canada Hindu Cultural Society**
**&**
**Bangladesh Canada Hindu Mandir**

# বোর্ড অব ট্রাষ্টি -এর
# চেয়ারম্যান এবং সাধারণ সম্পাদকের আবেদন

বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির একটি সার্বজনীন এবং গণতান্ত্রিক প্রতিষ্ঠান। এই মন্দিরটি প্রতিষ্ঠা করতে মন্দির সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনেক কাঠ খড় পোহাতে হয়েছে। ভগবানের অশেষ কৃপায় এবং প্রবাসের এই ব্যস্ত জীবনে আপনাদের সকলের সহযোগিতায় দেখতে দেখতে আবার বছর ঘুরে আমরা উপনীত হয়েছি এই মন্দিরে উদ্‌যাপিত শারদীয় দুর্গোৎসবের তৃতীয় বর্ষে। শারদীয় ভোরের সূর্য্যের নতুন আলোয় কমিউনিটির সকলকে জানাই শারদীয় প্রণাম ও শুভেচ্ছা।

প্রতি বছর দুর্গাপূজার আয়োজনে কমিউনিটির যেসব ভক্ত সদস্য নিরলসভাবে আমাদের সাথে একাত্ম হয়ে কঠোর পরিশ্রম করে বিভিন্নভাবে আমাদেরকে যথাসাধ্য সহযোগিতা করেন, আমরা সেই সকল স্বেচ্ছাসেবীদের আমাদের গভীরতম সম্মান ও কৃতজ্ঞতা জানাই।

মন্দিরটির পূর্নাঙ্গ রূপ দিতে এখনো আমাদের অনেক পথ পারি দিতে হবে। যে কাজগুলো আমরা এখনো করতে পারিনি, সেগুলো হলো:

- একটি পূর্ণাঙ্গ সাউন্ড সিস্টেম ক্রয় করা
- হলঘরগুলোকে সাউন্ডপ্রুফ করা
- স্থায়ীভাবে একটি গুর্মেট কিচেন নির্মান করা
- বাই এ ব্রিক প্রকল্প বাস্তবায়ন করা
- ভবনের ছাদ পরিবর্তন করা এবং
- স্থায়ী শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা করা

কাজেই আপনাদের সার্বিক সহযোগিতায় মন্দির যেভাবে চলছে, আমাদের বিশ্বাস আগামী দিনগুলোতেও আপনাদের আন্তরিক সহযোগিতার প্রসারিত হাত বাকী জরুরী অসম্পূর্ণ কাজগুলো অচিরেই সম্পন্ন করতে সহায়তা করবে, সনাতন সম্প্রদায়ের সকলের মধ্যে এক সম্প্রীতি ও সৌহার্দ্যের উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করবে এবং সেই সাথে স্বার্থক হবে কমিউনিটির সদস্যদের সকল অপূরণীয় আশা ও স্বপ্ন।

আপনাদের সকলের প্রতি রইল আমাদের সীমাহীন কৃতজ্ঞতা। মা দুর্গা আমাদের সবার সহায় হোন।

**দেব কুমার শর্মা**
চেয়ারম্যান
বোর্ড অব ট্রাষ্টি

**রাজেশ প্রামানিক**
সাধারণ সম্পাদক
বোর্ড অব ট্রাষ্টি

**Bangladesh Canada Hindu Cultural Society**
**&**
**Bangladesh Canada Hindu Mandir**

# সভাপতির দুটি কথা

**সুহৃদ পাঠক ও ভক্তবৃন্দ,**

১৪২১-এর শারদ প্রভাতে আপনাদের সবাইকে জানাই শারদীয় শুভেচ্ছা ও শ্রদ্ধা।

প্রতিবারই কোন না কোন আবেদন নিয়েই আমি থাকি। এবারও তার ব্যত্যয় ঘটেনি। আশা করছি আমার এই নিবেদনটুকু আপনাদের ভালবাসা এবং আশীর্বাদে সিক্ত হবে।

মন্দিরের চলমান কার্যক্রমে আপনাদের অকৃপণ ও শ্রদ্ধাপূর্ণ সহযোগিতার কথা আমরা মাথায় তুলে রেখেছি। তার সাথে যে আবেদনটুকু যোগ করতে চাই তা হলো-

৫. মন্দিরের নিয়মিত প্রার্থনায় আপনাদের অংশগ্রহণ বাড়ানো।
৪. পূজা চলাকালীন সময়ে যথাসম্ভব নীরবতা পালন করে পূজা প্রক্রিয়ার সাথে নিজেকে সম্পৃক্ত করা।
৩. পূজা চলাকালীন সময়ে ছোট বাচ্চাদের যথাসম্ভব নিয়ন্ত্রণে রাখা।
২. প্রসাদ গ্রহণের পর টেবিলে নিজের অংশটুকু পরিস্কার করা, যাতে পরবর্তী ভক্তের বসে প্রসাদ গ্রহণে কোন সমস্যা না হয়।
১. মন্দিরের মাসিক অনুদান প্রক্রিয়ার সাথে নিজেকে সম্পৃক্ত করা এবং অন্যকে সম্পৃক্ত হতে আহ্বান করা।

আজ এইটুকুই। প্রতিবারের মতো এবারও আপনার দুর্গোৎসব আনন্দময় হয়ে উঠুক - মায়ের কাছে সেই প্রার্থনাই করছি।

**সুভাষ রায়**
সভাপতি
কার্যনির্বাহী পরিষদ

**Bangladesh Canada Hindu Cultural Society**
**&**
**Bangladesh Canada Hindu Mandir**

# সাধারণ সম্পাদকের দুটি কথা

মহাকালের আবহমান চলার পথে যুক্ত হয়েছে আরও একটি বছর। তারই ধারাবাহিকতায় আমরাও সমবেত হয়েছি ২০১৪ সালের মা দুর্গার পূজা ও অর্চনায়। আমাদের এই আরাধনার উদ্দেশ্য হচ্ছে যেকোন অশুভ শক্তির বিরুদ্ধে শুভ শক্তির বিজয়, সকলের মধ্যে ভালোবাসা ও মৈত্রীর সম্পর্ক এবং সর্বোপরি সার্বজনীন সম্প্রীতি।

এই মহামিলনমেলায় আপনাদের সকলকে বাংলাদেশ কানাডা হিন্দু কালচারাল সোসাইটি ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দিরের কার্যনির্বাহী এবং বোর্ড অব ট্রাষ্টি উভয় কমিটির পক্ষ থেকে শুভ বিজয়ার অগ্রীম শুভেচ্ছা ও প্রণাম জানাচ্ছি।

আমাদের গত বছরের দুর্গাপূজায় আপনাদের সকলের সবান্ধব ও সহৃদয় উপস্থিতি আমাদেরকে ধন্য ও অনুপ্রাণিত করেছে। সেজন্য আমরা আপনাদের প্রতি আন্তরিকভাবে কৃতজ্ঞ। আমাদের একান্ত প্রত্যাশা, গত বছরের ন্যায় এবারেও আপনাদের সরব, সহৃদয় এবং সবান্ধব উপস্থিতি আমাদেরকে ধন্য করবে। এখানে বিশেষভাবে উল্লেখ করা প্রয়োজন তাদের অবদান, যাদের ছাড়া এই মহামিলনের আয়োজন সম্ভব হতো না। এই বিশাল আয়োজনে যে সকল নিবেদিত প্রাণ স্বেচ্ছাসেবী অক্লান্ত পরিশ্রম ও সার্বক্ষণিক সহযোগিতা করেন এবং আপনারা যারা সহৃদয়ে অনুদান প্রদান করেন তাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ না জানালে এই মহামিলন অপূর্ণ থেকে যাবে। এই মহামিলনের সাফল্য ও ব্যর্থতা দুইই আপনাদের এই দুই শ্রেণীর পৃষ্ঠপোষকের হাতে।

মা দুর্গা হচ্ছেন শক্তি ও একতার প্রতীক। স্বয়ং মা দুর্গা সকলের সম্মিলিত শক্তি থেকে সৃষ্টি। তথাপিও লক্ষ্মী সরস্বতী, কার্ত্তিক, গনেশ এবং অন্যান্য দেবতার শক্তি ও একতার মহিমায় তিনি প্রচন্ড প্রতাপশালী মহিষাসুরকে বিনাশ করেছিলেন দুর্গাপূজার বিশেষত্ব ও সার্বজনীনতায়। আমাদের নিবেদন, আসুন আমরাও সেই একতার সার্বজনীনতা ও সম্মিলিত শক্তির মন্ত্রে দীক্ষিত ও একতাবদ্ধ হই। আমাদের সকল বিভেদ ও অশুভ চিন্তা চেতনাকে পিছনে ফেলে সম্মিলিতভাবে আমাদের সমাজকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাই।

পরিশেষে আপনাদের কাছে নিবেদন করছি, আসুন আমাদের এই সার্বজনীন ও মহামিলনের প্রতিষ্ঠানকে পূর্নাঙ্গরূপে গড়ে তুলি। আপনাদের সহৃদয় সহযোগিতা, অবদান ও অনুদান ছাড়া আমাদের এই প্রচেষ্টা সফল করা সম্ভব নয়। আসুন সকলে মাসিক যথাসম্ভব অনুদান দিয়ে এই প্রতিষ্ঠানকে টিকিয়ে রাখি এবং উত্তরোত্তর এর উন্নতি সাধনে যথাসম্ভব ভুমিকা রাখি। মা দুর্গা দুর্গতিনাশীনি আপনাদের সকলের মঙ্গল করুন।

বিজয়াদশমীর অগ্রীম শুভেচ্ছান্তে,

**বরেন্দ্র সান্যাল**
সাধারণ সম্পাদক
কার্যনির্বাহী পরিষদ

# সম্পাদকীয়

সম্পাদকীয়
সম্পাদকীয়
সম্পাদকীয়
সম্পাদকীয়

বাঙ্গালী হিন্দুদের শ্রেষ্ঠ ধর্মীয় উৎসব শরৎকালের শারদীয় দুর্গোৎসব। আজকে বাঙ্গালী যেমন ছড়িয়ে পড়েছে পৃথিবীর আনাচে-কানাচে, তেমনি এই শারদোৎসব ছড়িয়ে পড়েছে পৃথিবীর সকল স্থানে। মায়ের আগমন উৎসব যেন বয়ে এনেছে অনাবিল আনন্দ আর সুখকর করে তুলেছে সারা পৃথিবী। যে দুর্গোৎসবের জন্য সারাটি বৎসর ধরে অপেক্ষা করে থাকা সেই উৎসব আজ দারপ্রান্তে। মহালয়ার দিন থেকেই উৎসব শুরু। বাংলাদেশ হিন্দু কালচারাল সোসাইটি ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির টরন্টো এবার অত্যন্ত জাঁকজমকভাবে আয়োজন করেছে শ্রী শ্রী দুর্গামাতার দুর্গোৎসব।

“জাগো দুর্গা জাগো দশপ্রহরনী ধরনী”
“অভয়াশক্তি বলপ্রদায়িনী তুমি জাগো।”

“চিন্ময়ী” একটি নির্দিষ্ট ধারাতে প্রতিবৎসরই প্রকাশিত হয়ে আসছে। প্রতিবারের মত এবারের দুর্গাপূজোতেও বাংলাদেশ হিন্দু কালচারাল সোসাইটি ও বাংলাদেশ কানাডা হিন্দু মন্দির চিন্ময়ী-২০১৪ প্রকাশ করেছে। যার উদ্দেশ্য বহুমাত্রিক ভক্তের সাথে যোগাযোগ, সনাতন ধর্মের ব্যাখ্যার চেষ্টা এবং আমাদের আয়োজন। দক্ষ লেখক জ্ঞানী ও গুনীদের পরামর্শ ও উপদেশ গ্রহণ করা হয়েছে। প্রকাশনার সাথে জড়িত সকল সক্রিয় সমর্থক, ভলানটিয়ার, বিজ্ঞাপনদাতাদের আন্তরিক সহযোগিতা, ট্রাস্টিবোর্ড, কার্যনির্বাহী কমিটি ও সম্পাদনা সাব-কমিটির ঐকান্তিক সাহায্য ও সহযোগিতা প্রকাশনার গতিকে অনেক তরান্বিত করেছে। তাদের সকলের প্রতি আমার কৃতজ্ঞতা। ছাপাখানার অনিচ্ছাকৃত ভুল ও মুদ্রণ ত্রুটির জন্য পাঠক সমাজের প্রতি রইল আমার ক্ষমা প্রার্থনা।

হিন্দু ধর্মমতে আত্মার কোন বিনাশ নেই, “অভিনশ্বর”। আর দেহের বিনাশ আছে, “নশ্বর”। জন্ম-মৃত্যু পাশাপাশি অবস্থান। তাই আত্মা প্রতিনিয়তই নশ্বর দেহকে ছেড়ে আবার পূনঃজন্ম হচ্ছে প্রাণীরূপে। আর তারই স্বরূপ আমরা হারাচ্ছি প্রতিনিয়ত আমাদের প্রিয়জনকে, হারাচ্ছি নিকট আত্মীয়কে। আমাদের জ্ঞাত ও অজ্ঞাতসারে যারা চলে গেছেন চিরতরে তাদের স্মৃতির প্রতি রাখছি আমাদের শ্রদ্ধাঞ্জলী এবং ভগবানের কাছে প্রার্থনা করছি তাদের স্বর্গবাসের জন্য। সমবেদনা জানাচ্ছি সেইসব পরিবারের প্রতি, আপনজন হারানোর ব্যাথা কাটিয়ে উঠার শক্তি যেন ভগবান দেন। সেইসাথে যারা দূরারোগে ভূগছেন প্রার্থনা করছি মায়ের কৃপায় তারা যেন রোগমুক্তি লাভ করেন।

পৃথিবী যেন দুর্যোগ, হানাহানি, হিংসা আর ঘৃনায় ক্লান্ত। আমাদের মাঝে রয়েছে রেষারেষি, অবিশ্বাস আর দলাদলি। এ যেন এক অদৃশ্য যুদ্ধ। তাই মায়ের আগমন আরও গুরুত্বপূর্ণ। মা যেন আমাদের মাঝে অদৃশ্য এই হানাহানি আর ঘৃনাকে সরিয়ে মানুষের মাঝে সম্মান আর শান্তি প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠা করেন মানুষের মাঝে ভালবাসা শ্রদ্ধা-ভক্তি সহনশীলতা এবং ক্ষমা করার মত মহৎগুন। শক্তিদায়িনী যেন আমাদের সকল লোভ কামনা আর বাসনা সরিয়ে নিয়ে যান মুক্তির লক্ষ্যে।

সকলের অনিন্দ্যসুন্দর জীবন ও সমৃদ্ধি কামনা করছি।

সকলকে শারদীয় শুভেচ্ছা ও শুভবিজয়া।

**দিলীপ হালদার**

BCHCS



PRIME MINISTER · PREMIER MINISTRE

*I am pleased to extend my warmest greetings to the members of the Bangladesh Canada Hindu Cultural Society (BCHCS) and the Bangladesh Canada Hindu Mondir (BCHM) as you celebrate Durga Puja.*

*Durga Puja brings hope and renewal to the faithful while offering a chance for friends and families to come together in a spirit of goodwill and harmony. This annual festival — seeking the blessings of Goddess Durga — is an ideal opportunity to highlight the many contributions Canadians of Bengali origin have made to our country's growth and development.*

*On behalf of the Government of Canada, I offer my best wishes for a joyful celebration, as well as prosperity and good health, now and in the years to come.*

*The Rt. Hon. Stephen Harper, P.C., M.P.*

*OTTAWA*
*2014*



Ontario

Premier of Ontario - Première ministre de l'Ontario

September 30 – October 3, 2014

## A Personal Message from the Premier

On behalf of the Government of Ontario, I am delighted to extend warm greetings to the members of the Bengali Hindu community as you celebrate Durga Puja.

Ontario's diverse communities are a source of strength and pride. We speak every language, respect all faiths and have ties to every part of the world. And together, we have built a multicultural success story.

Ontario is proud to be home to an active and engaged Bengali Hindu community — whose faith enshrines the ideals of service, pursuit of wisdom and respect for all religions. These values have contributed to the strong and inclusive society that we have built here in Ontario.

This festival is an ideal occasion for the faithful to reaffirm their devotion to Goddess Durga, to reunite with loved ones and to renew old acquaintances.

I want to commend the Bangladesh-Canada Hindu Cultural Society and the Bangladesh-Canada Hindu Mandir for their commitment to building a strong Bengali Hindu community within a diverse and dynamic Ontario.

I offer my best wishes for a meaningful celebration.

**Kathleen Wynne**
**Premier**

High Commissioner



High Commission for the People's Republic of Bangladesh
1350-340 Albert Street,
Ottawa, ON K1R 7Y6, Canada
Tel: 613-236-0138/9, Fax: 613-567-3213
E-mail: bangla@rogers.com Web: www.bdhcottawa.ca

25 August 2014

## Message from the High Commissioner of Bangladesh

I am delighted to learn that Bangladesh Canada Hindu Cultural Society (BCHCS) and Bangladesh Canada Hindu Mandir (BCHM) are going to publish annual Souvenir *"Chinmoyee"* on the occasion of the Holy Durga Puja.

I would like to take this opportunity to convey my heartiest greetings to the members of Bangladesh origin Hindu Community in Canada and would like to wish them a joyous *Sarodio Durgotsav.*

I thank BCHCS and BCHM for their praiseworthy efforts to organise the Durga Puja celebrations and publication of the Souvenir.

Kamrul Ahsan
High Commissioner of Bangladesh

HOUSE OF COMMONS
CHAMBRE DES COMMUNES

**Matthew Kellway**
Member of Parliament/ Deputé
Beaches-East York
matthew.kellway@parl.gc.ca
www.matthewkellway.ndp.ca

**Constituency**
155 Main Street
Toronto, Ontario
M4E 2V9
Tel: 416-467-0860
Fax: 416-467-0905

**Ottawa**
Room 812,
Confederation Building
Ottawa, Ontario
K1A 0A6
Tel: 613-992-2115
Fax: 613-996-7942

**Circonscription**
155, rue Main
Toronto, Ontario
M4E 2V9
Tél.: 416-467-0860
Téléc.: 416-467-0905

**Ottawa**
Pièce 812,
Edifice Confederation
Ottawa, Ontario
K1A 0A6
Tél.: 613-992-2115
Téléc.: 613-996-7942

October 2014

Dear Friends,

Congratulations and commendations to the community of the Bangladesh-Canada Hindu Cultural Society and the Bangladesh Canada Hindu Mandir as you celebrate Durga Puja.

During this Festive holiday season, you are given opportunity to reflect on peace and cooperation, of a world filled with good. These are themes and values that everyone should take time to contemplate and express year round.

My very best wishes, during this special holiday time.

M. Kellway

**Matthew Kellway**
Member of Parliament
Beaches – East York ~ October 2014

# ARTHUR POTTS, MPP

Beaches–East York

Sept 30, 2014



Dear friends,

I wish to offer you my sincerest congratulations to the Bangladesh-Canada Hindu Cultural Society and the Bangladesh-Canada Hindu Madir on the occasion of Durga Puja. I know this fall festival is of great importance to the Bengali Hindu community and it is my honour to share in this year's celebration.

As the Member of Provincial Parliament for Beaches—East York, I appreciate the contribution that people of different faiths and cultures bring to our city's economy and society. I look forward to learning more about Durga Puja this week and taking part in the celebrations of Toronto's Bengali Hindu community.

This year, your prayers for a better world are much needed.

Best wishes on this very special occasion,

Arthur Potts, MPP
Beaches—East York

**Constituency Office** 1821 Danforth Avenue, Toronto, ON M4C 1J2
Tel 416-690-1032 | Fax 416-694-1996 | Email apotts.mpp.co@liberal.ola.org




**Janet**
**DAVIS**

*City Councillor*
*Ward 31*
*Beaches-East York*

TORONTO

**JAY THIESSEN**
Executive Assistant

**LIA BREWER**
Constituency Assistant

**JACQUELINE OTT**
Constituency Assistant

**Toronto City Hall**
100 Queen Street West
Suite C57, Toronto ON
M5H 2N2
Tell: 416.392.4035
Fax: 416.397.9289

**East York Civic Centre**
850 Coxwell Avenue
Toronto, ON
M4C 5R1
Tell: 416.397.4870

councillor_davis@
toronto.ca

Twitter @Janet_Davis

**www.JanetDavis.ca**


Bangladesh-Canada Hindu Cultural Society
16 Dohme Ave
Toronto, ON

September 30, 2014

Dear Mr. Shubash Roy,

I would like to extend my best wishes to the Board of Directors and members of Bangladeshi-Canada Hindu Cultural Society on the occasion of the Durga Puja, the most important celebration for the Hindu community.

Observed around the world, Durga Puja is an important time to spend with family, friends and community. Your organization provides the opportunity for Bengali Hindus to come together to share and maintain the many wonderful cultural traditions of your community. It also provides the opportunity for people from other backgrounds to learn and better understand the values and beliefs of the Bengali Hindu community.

The City of Toronto acknowledges and values the cultural diversity that celebrations like these bring to our City. Understanding and sharing in these celebrations is important to building a tolerant and harmonious society.

Again, I want to congratulate BCHM for another successful year, and wish you all the best for a great celebration. I look forward to meeting you at the Durga Purga festivities!

Subha Durga Puja,

Janet Davis

Councillor Janet Davis
Ward 31, Beaches-East York

# Vedanta Society of Toronto

120 Emmett Ave. Toronto, ON M6M 2E6 Canada
Tel: (416) 240-7262
E-mail: society@vedantatoronto.ca
Web: www.vedantatoronto.c

September 24, 2014

## MESSAGE

The creator of the universe, supreme power, the ultimate energy, the eternal being, the unchanging Reality when manifests itself in feminine form to protect the humanity, She is called Mother Durga. She is God and worshipped as Mother of All.

Bangladesh Canada Hindu Cultural Society worship Divine Mother Durga every year for the peace and happiness of the whole humanity. Durga Puja in BCHCC is popular not only among Bangladeshi Hindus but among all the Hindus of greater Toronto and adjacent areas. The joy that is generated during Puja touches the soul of all. It is an incomparable joy which only Durga Puja can give. The divine presence of Mother Durga, mood of festivity in children, devotion in adults and enthusiasm of volunteers makes Durga Puja the most important religious festival of the Hindus, especially Bengali speaking Hindus of the whole world.

May the Divine Mother's blessings be to all human beings irrespective of faith, creed, language, culture and nationality.

Joy Ma!

*Swami Kripamayananda*

Swami Kripamayananda
President
Vedanta Society of Toronto
September 24, 2014
President

# আনন্দময়ীর আগমনে

কাজী নজরুল ইসলাম



আর কতকাল থাকবি বেটি মাটির ঢেলার মূর্তি-আড়াল?
স্বর্গ যে আজ জয় করেছে অত্যাচারী শক্তি চাঁড়াল।
দেবশিশুদের মারছে চাবুক, বীর যুবাদের দিচ্ছে ফাঁসি,
ভূ-ভারত আজ কসাইখানা, ----আসবি কখন সর্বনাশী?
দেব-সেনা আজ টানছে ঘানি তেপান্তরের দীপান্তরে,
রণাঙ্গনে নামবে কে আর তুই না এলে কৃপাণ ধরে?

বিষ্ণু নিজে বন্দী আজি ছয়-বছরি ফন্দি-করায়,
চক্র তাহার চরকা বুঝি ভণ্ড-হাতে শক্তি হারায়!
মহেশ্বর আজ সিন্ধু তীরে যোগাসনে মগ্ন ধ্যানে,
অরবিন্দ চিত্ত তাহার ফুটবে কখন কে সে জানে!
সদ্য অসুর-গ্রাসচ্যুত ব্রহ্মা-চিত্তরঞ্জনে, হায়,
কমণ্ডলুর শান্তি-বারি সিঞ্চি যেন চাঁদ নদীয়ায়।
শান্তি শুনে তিক্ত এ-মন কাঁদছে আরো ক্ষিপ্ত রবে,
মরার দেশের মড়া-শান্তি সে ত আছেই, কাজ কি তবে?
শান্তি কোথায়? শান্তি কোথায় কেউ জানি না
মাগো তোর ঐ দনুজ-দলন সংহারিণী মূর্তি বিনা!
দেবতারা আর জ্যোতিহারা, ধ্রুব তাঁদের যায় না জানা,
কেউ বা দেব-অন্ধ মাগো, কেউ বা ভয়ে দিনে কানা।
সুরেন্দ্র আজ মন্ত্রণা দেন দানব-রাজার অত্যাচারে,
দম্ভ তাঁহার দম্ভোলি ভীম বিকিয়ে দিয়ে পাঁচ হাজারে।
রবির শিখা ছড়িয়ে পড়ে দিক হতে আজ দিগন্তরে,
সে কর শুধু পশলো না মা অন্ধ কারার বন্ধ ঘরে।
গগন-পথে রবি-রথের সাত সারথি হাঁকায় ঘোড়া,
মর্তে দানব মানব-পিঠে সাওয়ার হয়ে মারছে কোঁড়া।

বারি-ইন্দ্র বরুণ আজি করুণ সুরে বংশী বাজায়,
বুড়িগঙ্গার পুলিন বুকে বাঁধছে ঘাঁটি দস্যু-রাজায়।
পুরুষগুলোর ঝুঁটি ধরে বুরুশ করায় দানব-জুতো,
দাড়ি নাড়ে, ফতোয়া ঝাড়ে, মসজিদে যায় নামাজ পড়ে,
নাই কো খেয়াল গোলামগুলোর হারাম এ-সব বন্দী-গড়ে।

“লানত” গলায় গোলাম ওরা সালাম করে জুলুমবাজে,
ধর্ম-ধ্বজা উড়ায় দাড়ি, “গলিজ” মুঝে কোরান ভাঁজে।
তাজ-হারা যার নাঙ্গা শিরে গরমাগরম পড়ছে জুতি,
ধর্ম-কথা বলছে তারাই, পড়ছে তারাই কেতাব-পুঁথি।
উৎপীড়কে প্রণাম করে শেষে ভগবানে নমি,
হিজড়ে ভীরুর ধর্ম-কথার ভণ্ডামিতে আসছে বমি।
টিকটিকির ঐ লেজুড় সম দিগ্বিদিকে উড়ছে টিকি,
দেবতার আগে পূজে দানব, তাদের কাছে সত্য শিখি!
পুরুষ ছেলে দেশের নামে চুগলি খেয়ে ভরায় উদর,
টিকটিকি হয়, বিষ্ঠা কি নাই---ছি ছি এদের খাদ্য ক্ষুধার!
আজ দানবের রঙমহলে তেত্রিশ কোটি খোজা গোলাম
লাথি খায় আর চ্যাঁচায় শুধু, “দোহাই হুজুর, মলাম মলাম।”

মাদীগুলোর আদি দোষ ঐ অহিংসা-বোল নাকি-নাকি,
খাঁড়ায় কেটে কর্ মা বিনাশ নপুংসকের প্রেমের ফাঁকি!
হান্ তরবার, আন্ মা সমর, অমর হবার মন্ত্র শেখা,
মাদীগুলোয় কর মা পুরুষ, রক্ত দে মা, রক্ত দেখা!
লক্ষ্মী-সরস্বতীকে তোর আয় মা রেখে কমল-বনে,
বুদ্ধি-বুড়ো সিদ্ধাদাতা গণেশ-টনেশ চাই না রণে।

ঘোমটা-পরা কলা বৌ-এর গলা ধরে দাও করে দূর,
ঐ বুঝি দেব-সেনাপতি, ময়ূর-চড়া জামাই ঠাকুর?
দূর করে দে, দূর করে দে এ সব বালাই সর্বনাশী,
চাই না কো ঐ ভাং-খাওয়া শিব, নেক দিয়ে তাঁয় গঙ্গামাসি।
তুই একা আয় পাগ্‌লি বেটি তাথৈ তাথৈ নৃত্য করে,
রক্ততৃষায় “ময় ভুখা হুঁ”-র কাঁদন-কেতন কণ্ঠে ধরে!
“ময় ভুখা হুঁ”-র রক্তক্ষেপী ছিন্নমস্তা আয় মা কালী
গুরুর বাগে শিব-সেনা তোর হুঙ্কারে ঐ “জয় আকালী”।

এখনো তোর মাটির গড়া মৃন্ময়ী ঐ মূর্তি হেরি’
দু’চোখ পুরে জল আসে মা, আর কতকাল করবি দেরি?
মহিষাসুর বধ করে তুই ভেবেছিলি রইবি সুখে,
পরিস্‌নি তা, ত্রেতা যুগে টল্‌ল আসন রামের দুখে।
আর এলিনে রুদ্রাণী তুই, জানিনে কেউ ডাকল কিনা,
রাজপুতনায় বাজলো হঠাৎ “ময় ভুখা হুঁ”-র রক্তবীণা।
বৃথাই গেল সিরাজ, টিপু, মীর কাসিমের প্রাণ-বলিদান,
চণ্ডী! নিলি যোগমায়া-রূপ, বলল সবাই বিধির বিধান।

হঠাৎ কখন উঠলো ক্ষেপে বিদ্রোহিণী ঝান্সি-রানী,
ক্ষ্যাপা মেয়ের অভিমানেও এলি নে তুই মা ভবানী।
এমনি করে ফাঁকি দিয়ে আর কতোকাল নিবি পূজা?
পাষাণ বাপের পাষাণ মেয়ে, আয় মা এবার দশভুজা!

বছর বছর এ-অভিনয় আপমান তোর, পূজা নয় এ,
কি দিস্ আশিস কোটি ছেলের প্রণাম চুরির বিনিময়ে!
অনেক পাঁঠা-মোষ খেয়েছিস, রাক্ষসী তোর যায়নি ক্ষুধা;
আয় পাষাণী, এবার নিবি আপন ছেলের রক্ত-সুধা!
দুর্বলদের বলি দিয়ে ভীরুর এ হীন শক্তি-পূজা
দূর করে দে, বল্ মা, ছেলের রক্ত মাগে মা দশভুজা!
সেইদনি হবে জননী তোর সত্যিকারের আগমনী,
বাজবে বোধন-বাজ্‌না, সেদিন গাইব নব জাগরণী।
“ময় ভুখা হুঁ”-মায়ি’ বলে আয় এবার আনন্দময়ী,
কৈলাস হতে গিরি-রানীর মা-দুলালী কন্যা অয়ি!
আয় উমা আনন্দময়ী!